

# ব্যবহার নির্দেশিকা V-01

## স্মার্ট বাংলাদেশ অ্যাওয়ার্ড -২০২৩

### নিবন্ধন প্রক্রিয়া

প্রথমে <https://award.smartbangladesh.gov.bd> ওয়েব সাইটে গিয়ে **নিবন্ধন** করতে হবে। নিবন্ধনের সময় আপনার **নাম, ইমেইল, পাসওয়ার্ড** প্রয়োজন হবে।

নিবন্ধন করার পর আপনার নিবন্ধিত ইমেইলে একটি (ইনবক্সে না পেলে স্প্যাম দেখুন) **ভেরিফিকেশন মেইল** যাবে। মেইল ভেরিফিকেশন সম্পন্ন হলে আপনি লগইন করতে পারবেন।

পরবর্তীতে নিবন্ধিত ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। পাসওয়ার্ড ভুলে গেলে নিবন্ধিত ইমেইলের মাধ্যমে **পাসওয়ার্ড পুনর্দ্বার** করা যাবে এবং লগইন করে **প্রোফাইল আপডেট ও পাসওয়ার্ড পরিবর্তন** করা যাবে।



আবেদন ফর্মে নিচের তথ্যসমূহ প্রদান করতে হবে-

#### সাধারণ তথ্য-

প্রথমে আবেদনের পর্যায় নির্বাচন করতে হবে; জেলা পর্যায় হলে সংশ্লিষ্ট জেলার নাম এবং কেন্দ্রীয় হলে তা কেন্দ্রীয় পর্যায় নির্বাচন করতে হবে।

১। আবেদনের ধরণ নির্বাচন করতে হবে ও শিরোনাম লিখুন।

২। যে শ্রেণিতে পুরস্কারের জন্য আবেদন করতে ইচ্ছুক তা নির্বাচন করুন, সরকারি/বেসরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা অন্যান্য (অন্য যে কোন প্রতিষ্ঠান) হলে তা লিখুন।

৩। নিম্নলিখিত যে ক্ষেত্রে অবদানের জন্য আবেদন করতে ইচ্ছুক ক. সাধারণ অথবা খ. কারিগরি তার ক্ষেত্র নির্বাচন করুন।

৪। ব্যক্তিগত আবেদনের ক্ষেত্রে ব্যক্তি, দলগত আবেদনের ক্ষেত্রে দলপতি ও অন্যান্য সদস্য এবং প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০x৩০০), নাম, পেশা, পদবি, শিক্ষাগত যোগ্যতা, ফোন, ফ্যাক্স, মোবাইল, ই-মেইল ও ওয়েবসাইট উল্লেখ করতে হবে।

#### বিস্তারিত তথ্য

৫। যে উদ্যোগ/প্রকল্প/ধারণার জন্য নীতিমালায় (নীতিমালার ৪ অনুচ্ছেদ অনুযায়ী) বর্ণিত কোন কোন ইতিবাচক অবদান রাখছে তা উল্লেখপূর্বক তাঁর স্বপক্ষে বক্তব্য (সর্বোচ্চ ১৫০ শব্দ) উল্লেখ করতে হবে।

৬। উদ্যোগ/প্রকল্প/ধারণার স্বপক্ষে নিম্নলিখিত বিষয় সম্বলিত সংক্ষিপ্ত বিবরণ (সর্বোচ্চ ২৫০০ শব্দ) উল্লেখ করতে হবে।

৭। প্রকল্প/উদ্যোগে মনোনীত ব্যক্তির ভূমিকা/সম্পৃক্ততা (সর্বোচ্চ ১৫০ শব্দ) উল্লেখ করতে হবে।

# স্মার্ট বাংলাদেশ অ্যাওয়ার্ড - ২০২৩

## ▪ প্রমাণক

৮। প্রমাণকসমূহ (সংযুক্ত করতে হবে)

ক) ওয়েব লিংক

খ) জরিপ বা গবেষণা প্রতিবেদন (প্রমাণকের লিঙ্ক অথবা ফাইল আপলোড করুন)

গ) প্রত্যয়ন পত্র/সনদপত্র (প্রমাণকের লিঙ্ক অথবা ফাইল আপলোড করুন)

ঘ) প্রতিবেদন (প্রমাণকের লিঙ্ক অথবা ফাইল আপলোড করুন)

ঙ) টিভি/সংবাদপত্রের নিউজ (একাধিক হলে, ব্যবহার করুন)

চ) ভিডিও/এডি ইত্যাদি (একাধিক হলে, ব্যবহার করুন)

ছ) অন্যান্য (প্রমাণকের লিঙ্ক অথবা ফাইল আপলোড করুন)

আবেদনকারীর স্বাক্ষর (১৫০x৮০) আপলোড করতে হবে, আবেদনকারীর নাম ও আবেদনকারীর ঠিকানা উল্লেখ করতে হবে।

## ▪ সাবমিট

উপরের প্রদত্ত তথ্য এবং সংযুক্তি কাগজপত্র আমার জানামতে সঠিক। পরবর্তীতে কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে (প্রমাণকসমূহের 'Access Public' হতে হবে) এ ক্লিক করতে হবে।

▶ আবেদন করার পর, আবেদনের তালিকা থেকে দাখিলকৃত আবেদনটি দেখা যাবে এবং পিডিএফ ফরমেটে ডাউনলোড করা যাবে।

▶ নির্বাচিত আবেদন সমূহ মূল্যায়ন ও পুরস্কার প্রদানের ক্ষেত্রে 'স্মার্ট বাংলাদেশ পুরস্কার নীতিমালা-২০২৩ (প্রস্তাবিত)' বিবেচনা করা হবে।

আপনার কোন মতামত, পরামর্শ বা জিজ্ঞাসা থাকলে ওয়েবসাইটের মাধ্যমে বার্তা পাঠাতে পারবেন অথবা ইমেইলের মাধ্যমে জানাতে পারবেন। যে কোন কারিগরি সহায়তার জন্য ২৪/৭ যোগাযোগ করতে পারবেন।

### কারিগরি সহায়তায়- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

Website:  
<https://award.smartbangladesh.gov.bd>

Technical Contact:  
+8801710278760

Email:  
abu.kowsar@doict.gov.bd